সংবাদ

23 FEB 2007

ব্যাডেন পাওয়েলের ১৫০তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে একটি বর্ণাঢ্য র‍্যালি স্কাউট ভবন থেকে প্রেসক্লাব হয়ে স্কাউট ভবনে গিয়ে শেষ হয়। র‍্যালি উদ্বোধন করেন বাংলাদেশ স্কাউটসের সভাপতি ড. শাহ মোহাম্মদ ফরিদ

লর্ড ব্যাডেন পাওয়েল 'এ ম্যান অফ ওয়ার্ল্ড'

স্কাউটের শতবর্ষ : রাজধানীতে দিনভর চলে র‍্যালি রক্তদান আলোচনা সভা

নিজস্ব বার্তা পরিবেশক

লর্ড ব্যাডেন পাওয়েলের ১৫০তম জন্মবার্ষিকী ও স্কাউটের শতবর্ষ পালিত হয়েছে গতকাল। লর্ড ব্যাডেন পাওয়েল ছিলেন স্কাউট আন্দোলনের প্রবক্তা। অসহায় মানুষের ত্রাণকর্তা। ১৮৫৭ সালের ২২ ফেব্রুয়ারি লন্ডনে তার জন্ম হয়েছিল। আর প্রবর্তিত স্কাউট আন্দোলনের শতবর্ষ পূরণ হয়েছে গতকাল। এ বছরও স্কাউট আন্দোলনের শতবর্ষ উদযাপন উপলক্ষে গতকাল জাতীয় সদর দপ্তর থেকে শুরু করে বিভাগ, জেলা, উপজেলা এবং ইউনিট পর্যায়ে বিশেষভাবে ব্যাপক কর্মসূচি গ্রহণের মধ্য দিয়ে দিবসটি উদযাপন করা হয়েছে।

মানুষ যে মানুষের জন্য হতে পারে তা যথার্থভাবেই উপলব্ধি করেছিলেন লর্ড ব্যাডেন পাওয়েল। উচ্চতর শিক্ষালাভে পড়ার অদম্য ইচ্ছা থাকার পরও তিনি জীবনযুদ্ধে বিজয়ী হতে যথার্থই সক্রিয় যোদ্ধা হয়েছিলেন। সেখানে কৃতিত্বের পরিচয় দিয়ে সেনাবাহিনীর জেনারেল পদে আসীন হয়ে নতুন এক জীবনে প্রবেশ করেন তিনি। যাকে তিনি বলতেন, 'দ্বিতীয় জীবন'।

আসলে সেনাবাহিনীতে দায়িত্ব পালনের সময়ই তিনি স্কাউটিং নিয়ে চিন্তা-ভাবনা শুরু করেন। তিনি লক্ষ্য করেন স্কাউটিংয়ের মাধ্যমে শত্রুকে দৃষ্টির বাইরে রেখে তার গতিবিধি, অবস্থান ও সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ করে নিজেকে নিরাপদ রাখা যায় এবং প্রতিপক্ষের জন্য যথার্থ ব্যবস্থা নেয়া যায়। সে কারণেই যুদ্ধ ক্ষেত্রে

লর্ড ব্যাডেন পাওয়েল

[illegible] মানুষকে স্কাউটিং আন্দোলনের মাধ্যমে সুনাগরিক হিসেবে গড়ে [illegible] নতুন মন্ত্র তিনি শেখালেন [illegible] সন্তান যথার্থই মানুষ হয়ে উঠে স্কাউটিংয়ের মাধ্যমে। শারীরিক উৎকর্ষতা আর মানবিক বিকাশে ঘটে স্কাউটিংয়ের কৌতূহল, উৎসাহ-উদ্দীপনা, দক্ষতা আর কুশল প্রবণতায়। এক কথায় স্কাউট আন্দোলনের মাধ্যমে তিনি উন্নত জীবন পদ্ধতি গড়ে মানুষকে যথার্থই মানুষের জন্য গড়তে চেয়েছেন। তিনি পরিণত হলেন 'এ ম্যান অফ ওয়ার্ল্ড'।

দেশব্যাপী নানা কর্মসূচির পাশাপাশি বাংলাদেশ স্কাউটসের কাকরাইলের জাতীয় সদর দপ্তরে দিবসটি উদযাপনের লক্ষ্যে সকাল ৮টায় রোভার, স্কাউট ও রোভারদের অংশগ্রহণে বাংলাদেশ স্কাউটস থেকে জাতীয় প্রেসক্লাব পর্যন্ত বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। এছাড়া সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত রোভার ও স্কাউটদের স্বেচ্ছায় রক্তদান ও ব্লাড গ্রুপ নির্ণয় কর্মসূচি, সকাল ১০টায় রোভারদের 'আ-মরি বাংলা ভাষা' শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং সকাল ১১টায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের আইন, বিচার ও সংসদ এবং তথ্য বিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন। শতবর্ষ স্কাউট দিবসের বিভিন্ন কর্মসূচিতে আন্দোলনের জাতীয় পর্যায়ের নেতৃবৃন্দ, স্কাউটারবৃন্দ, স্কাউট ও রোভাররা, জাতীয় গণমাধ্যমের প্রতিনিধিসহ সুধীবৃন্দ উপস্থিত ছিলেন।

শতবর্ষ স্কাউট দিবস উপলক্ষে [illegible] বুধবার সকালে কাকরাইলস্থ স্কাউটস [illegible] জাতীয় সদর দপ্তরে শামন হলে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার মুহাম্মদ ফজলুর রহমান সংবাদ সম্মেলনে শতবর্ষ স্কাউট দিবস আয়োজনের বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) মো. কামাল উদ্দিন, জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মো. আবুল কালাম আজাদ, জাতীয় কমিশনার, জাতীয় উপ-কমিশনারসহ স্কাউটসের ঊর্ধ্বতন নির্বাহীরা এ সময় উপস্থিত ছিলেন।